

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।

মোবাইল-০১৭৬৯৪০০০৬৯

E-mail : rangpurpbs1@yahoo.com

স্মারক নং-২৭.১২৮৫৫৮.৫১৪.০১.০০৮.১৯, ৫০৪৪

তারিখ : ২০ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় :- নিলাম দরপত্র আহবান প্রসঙ্গে।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিলামে বিক্রয়যোগ্য নিম্নবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে /নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃতখামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্র: নং	মালামাল/আইটেম সমূহের বিবরণ	পরিমাণ (টি)	সর্বনিম্ন নিলাম দর (টাকা)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	কম্পিউটার সেট (সিস্টেম ইউনিট, কীবোর্ড, মাউস এবং ইউপিএস) (৩২টি ডেস্কটপ কম্পিউটার ও ০২টি ব্রান্ড সার্ভার)	৩৪	৩৭,৮০০.০০			১৭/১১/২০১৯খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত	১৭/১১/২০১৯ খ্রিঃ বেলা ১২.৩০ ঘটিকায়
০২	প্রিন্টার (লেজার ও ডট)	১৮	২৭,৬৫০.০০				
০৩	আইপিএস/ভোল্টেজ স্ট্যাবিলাইজার	০৮	৪৮০০.০০				
সর্বমোট =							

কথায়ঃ-----

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা (২) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহন করা হবে না।
- ০২। নিলাম দরপত্র (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা (২) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। উপরিউক্ত ছকে ক্রমিক নং -০১, ০২ ও ০৩ এ উল্লেখিত তিনটি আইটেমের দর একত্রিতভাবে উল্লেখ/দাখিল করতে হবে। যে কোন একটি বা দুইটি আইটেমের দর বা আংশিক দর গ্রহণযোগ্য হবে না।
- ০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে (ফেরতযোগ্য) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ড্রাফট/পে -অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরতযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহন/বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হবে।

- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট /পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহন করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের নীচে কোন দরপত্র বিবেচনা করা হবে না। খামের উপর মালামালের নাম ও দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে।
- ০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উক্ত মূল্যের উপর ৪% হারে উৎস কর এবং ৭.৫% হারে ভ্যাটসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহন করতে হবে।
- ০৮। বর্নিত মালামাল সমূহ আগামী ১৬/১১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর হতে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারন দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করবেন।


(মো: নূরুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি : নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- ০৪। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, রংপুর/গাইবান্ধা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, রংপুর/গাইবান্ধা।
- ০৮। মেয়র, রংপুর পৌরসভা, রংপুর।
- ০৯। ডিজিএম, কারিগরী/ পীরগাছা/সুন্দরগঞ্জ/পীরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ১০। এজিএম(অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), রংপুর পবিস-১।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- ১২। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।
- ১৩। অফিস কপি/মাষ্টার কপি।

(মো: নূরুর রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার